শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ
দিরাই উপজেলা পরিষদ
সুনামগঞ্জ জেলা।

# অক্টোবর/২০২২ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদের সাধারণ সভার কার্যবিবরণী (৪১ তম সভা)

সভাপতি : জনাব মোঃ মঞ্জুর আলম চৌধুরী, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই
সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ
সভার তারিখ ও সময় : ১৩/১০/২০২২, বেলা- ১০:০০ ঘটিকা।

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট 'ক' এবং 'খ' তে দেখানো হয়েছে

সভার প্রারম্ভে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানানো হয়। সভাপতির অনুরোধক্রমে মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার সভার কাজ পরিচালনা করেন। অতঃপর আলোচ্যসূচী অনুযায়ী নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

<table>
<tr><th>বিষয়</th><th>আলোচনা ও সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr><td>(১) বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন</td><td>মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার, দিরাই বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনান। বিগত সভার কার্যবিবরণীর বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br><br>সিদ্ধান্ত : বিগত সভার কার্যবিবরণীতে কোনরূপ সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়।</td><td>মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার, দিরাই</td></tr>
<tr><td>প্রাপ্ত সকল পরিপত্র/সার্কুলার উপস্থাপন</td><td>মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার, দিরাই সভায় স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ উপজেলা-১ শাখার স্মারক নং-৪৬.০০.০০০০.০৪৬.২৬.৪৮৭.২০২২ (অংশ-২)- ১৯৭, তারিখ- ১৮ সেপ্টেম্বর ২০২২ সভায় উপস্থাপন করেন। পত্র দৃষ্টে দেখাযায় সামাজিক-সম্প্রীতি কমিটির কার্যসম্পাদনকল্পে ব্যয় নির্বাহের লক্ষ্যে বাৎসরিক সর্বোচ্চ ২৫,০০০/- (পচিশ হাজার) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে নির্বাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য নির্দেশনা রয়েছে। একই মন্ত্রণালয়ের উপজেলা-২ শাখার স্মারক নং- ৪৬.০০.০০০০.০৪৫.২০.০০২.২২-৬৮৯, তারিখ: ২১ সেপ্টেম্বর ২০২২ খ্রিস্টাব্দ সভায় উপস্থাপন করেন। পত্র দৃষ্টে দেখাযায় উপজেলা কমপ্লেক্সের বিভিন্ন অফিস, বাসা-বাড়ী, গ্যারেজ, অভ্যন্তরীণ ড্রেন, রাস্তা, ঘাটলা ইত্যাদি মেরামত করার প্রয়োজন, সেই সকল উপজেলা পরিষদের ক্ষেত্রে সংশ্লিষ্ট মেরামত কাজের প্রাক্কলন প্রস্তুতপূর্বক পরিষদের অনুমোদনসহ প্রস্তাব (রাজস্ব তহবিলের স্থিতিসহ)স প্রেরণের জন্য নির্দেশনা রয়েছে। বিষয় দু'টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br><br>সিদ্ধান্ত : স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ উপজেলা-১ শাখার স্মারক নং-৪৬.০০.০০০০.০৪৬.২৬.৪৮৭.২০২২ (অংশ-২)- ১৯৭, তারিখ- ১৮ সেপ্টেম্বর ২০২২ এবং উপজেলা- ২ শাখার স্মারক নং- ৪৬.০০.০০০০.০৪৫.২০.০০২.২২-৬৮৯, তারিখ: ২১ সেপ্টেম্বর ২০২২ খ্রিস্টাব্দ মূলে প্রাপ্ত পত্রদ্বয়ের নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই/ মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার, দিরাই/ উপজেলা প্রকৌশলী, দিরাই</td></tr>
<tr><td>(২) বিগত মাসের উপজেলা পরিষদের আয়-ব্যয়ের হিসাব পর্যালোচনা :</td><td>মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার দিরাই সভায় উপজেলা পরিষদের বিগত সেপ্টেম্বর/২০২২ মাসের আয়-ব্যয়ের হিসাব বিবরণী দাখিল করেন। দাখিলকৃত হিসাব বিবরণী নিম্নরূপ:
<table>
<tr><th colspan="3">আয়</th><th colspan="3">ব্যয়</th></tr>
<tr><th>ক্র:নং</th><th>বিবরণ</th><th>টাকা</th><th>ক্র:নং</th><th>বিবরণ</th><th>টাকা</th></tr>
<tr><td>১</td><td>পূর্ববর্তী মাসের জের</td><td>১৮,৩৮,৬০৫/৬৫</td><td>১</td><td>চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানদ্বয়ের সেপ্টেম্বর/২০২২ মাসের সম্মানী ও বাড়ি ভাড়া</td><td>৯৯,০০০/-</td></tr>
<tr><td>২</td><td>ব্যাংক বিবরণী মোতাবেক প্রাপ্য</td><td>৫,১৮,৫৫৩/-</td><td>২</td><td>অফিস সহায়কদ্বয়ের ও সুইপারের সেপ্টেম্বর/২০২২ মাসের বেতন</td><td>৩৭,৯৫০/-</td></tr>
<tr><td>৩</td><td>সাব-রেজিষ্ট্রার হতে ১%</td><td>৫,২৮,৮৫০/৩০</td><td>৩</td><td>উপজেলা পরিষদের সেপ্টেম্বর/২০২২ মাসের আনুষাঙ্গিক বিল প্রদান</td><td>৫,০০০/-</td></tr>
<tr><td>৪</td><td>২০২১-২০২২ অর্থ বছরের ২% ভূমি উন্নয়ন কর বাবদ প্রাপ্ত</td><td>২,১৬,৭৯৩/-</td><td>৪</td><td>উপজেলা পরিষদের অক্টোবর ও সেপ্টেম্বর/২০২২ মাসের আপ্যায়ন বিল প্রদান</td><td>৬০,০০০/-</td></tr>
</table></td><td>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই/ মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার, দিরাই</td></tr>
</table>



Scanned With Scanner App Lite

'শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি'

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | | ৫ | উপজেলা পরিষদের দাপ্তরিক কাজে ব্যবহৃত কম্পিউটার সেট ও সম্মেলন কক্ষের আইপিএস সহ ২টি ব্যাটারীক্রয়ের বিল প্রদান | ১,৮০,০০০/- |
| | | | ৬ | ব্যাংক বিবরণী মোতাবেক ব্যয় | ২,৪৭,০০০/- |
| সেপ্টেম্বর/২২ মাসের আয়- | | ১২,৬৪,১৯৬/৩০ | সেপ্টেম্বর/২২ মাসের মোট ব্যয়- | | ৬,২৮,৯৫০/- |
| সর্বমোট আয়- | | ৩১,০২,৮০১/৯৫ | সর্বমোট ব্যয়- | | ৬,২৮,৯৫০/- |
| সমাপনী স্থিতি- ২৪,৭৩,৮৫১/৯৫ | | | | | |

উপস্থাপিত হিসাব বিবরণী অনুমোদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভার দৃষ্টি আকর্ষন করেন। বিষয়টি সম্পর্কে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।

**সিদ্ধান্ত ঃ** উপজেলা পরিষদের বিগত মাসের দাখিলকৃত আয়-ব্যয়ের হিসাব বিবরণী সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।

| | | |
|---|---|---|
| স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, দিরাই, সভায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভায় জানান প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র/ছাত্রীদের (৫-১১) বছরের সকল শিশুকে কোভিড-১৯ এর টিকা প্রথম ডোজ প্রদান কার্যক্রম শুরু হয়েছে, তা বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলকে সহযোগিতা। কোভিড-১৯ টিকা কার্যক্রম এবং প্রাতিষ্ঠানিক ডেলিভারী কার্যক্রমে দিরাই উপজেলার অবস্থান জেলার মধ্যে দ্বিতীয়তে। এছারাও তার বিভাগীয় কার্যক্রম সুষ্টুভাবে চলছে। চেয়ারম্যান উপজেলা পরিষদ, দিরাই উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তার দৃষ্টি আকর্ষণ করে বলেন উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় উপজেলা হাসপাতালে সেন্ট্রাল অক্সিজেন সরবরাহের কাজ করানো হয়। উক্ত সেন্ট্রাল অক্সিজেন সরবরাহ যথাযথভাবে চালু রয়েছে কি না জানতে চান। উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা জানান উক্ত সেন্ট্রাল অক্সিজেন সরবরাহ লাইনের কাজে সমস্যা আছে বলে প্রাথমিক ভাবে বুঝা যাচ্ছে। সিলিন্ডারে থাকা অক্সিজেন সময়ের আগেই শেষ হয়ে যাচ্ছে; তাই লাইনে কোন লিক বা অন্য কোন সমস্যা থাকার সমূহ সম্ভাবনা বিদ্যমান।<br><br>**সিদ্ধান্ত ঃ** প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র/ছাত্রীদের (৫-১১) বছরের সকল শিশুকে কোভিড-১৯ এর টিকা প্রথম ডোজ প্রদান কার্যক্রম শতভাব সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থ্য করার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। সেই সাথে সংশ্লিষ্ট সকলকে উক্ত কার্যক্রম সফল করতে সার্বিক সহযোগীতা করার জন্য অনুরোধ জানানো হয়।<br>২। উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় উপজেলা হাসপাতালে সেন্ট্রাল অক্সিজেন সরবরাহের কাজে কোন প্রকার ত্রুটি থাকলে তাৎক্ষণিকভাবে উপজেলা প্রকৌশলী, দিরাই'কে অবহিত করার জন্য এবং তা মেরামতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ এবং উপজেলা প্রকৌশলী, দিরাই'কে অনুরোধ জানানো হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, দিরাই/ উপজেলা প্রকৌশলী, দিরাই |
| কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার, দিরাই তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করেন। তিনি বলেন উপজেলা কৃষি অফিসের দৈনন্দিন কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br><br>**সিদ্ধান্ত ঃ** বিভাগীয় কার্যক্রম সুষ্টুভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য উপজেলা কৃষি অফিসার'কে অনুরোধ জানানো হয়। | উপজেলা কৃষি অফিসার, দিরাই |
| প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, দিরাই সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভায় আলোচনা করা গেল না। তার দপ্তরের বিস্তারিত প্রতিবেদন সহ আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়।<br><br>**সিদ্ধান্ত ঃ** বিভাগীয় কার্যক্রমের বিস্তারিত প্রতিবেদনসহ আগামী সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা দিরাই |
| মৎস্য বিভাগ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, দিরাই তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করেন। তিনি বলেন উপজেলা মৎস্য অফিসের দৈনন্দিন কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান ভরারগাঁও ঘোফরা ঘাট এলাকা দেশি প্রজাতির পোনা মাছ হাওড়ে অবমুক্তকরণের কাজ যথাযথভাবে সম্পন্ন হয়েছে। উক্ত কাজে সংশ্লিষ্ট সকলে সহযোগিতা করার জন্য ধন্যবাদ জানান।<br><br>**সিদ্ধান্ত ঃ** বিভাগীয় কার্যক্রম সুষ্টুভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, দিরাই |



Scanned With Scanner App Lite

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

| | | |
|---|---|---|
| পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, দিরাই সভায় অনুপস্থিত থাকায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভায় আলোচনা করা গেল না। তার দপ্তরের বিস্তারিত প্রতিবেদন সহ আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়।<br><br>**সিদ্ধান্ত ঃ** বিভাগীয় কার্যক্রমের বিস্তারিত প্রতিবেদনসহ পরবর্তী সভায় অবশ্যিকভাবে উপস্থিত থাকার জন্য উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, দিরাই'কে অনুরোধ জানানো হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা দিরাই |
| উপজেলা প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী (এলজিইডি), দিরাই সভায় বলেন- উপজেলা পরিষদের মালিকানাধীন প্রশাসনিক ভবন, গণমিলনায়তনের পার্শ্ববর্তী (গণ পাঠাগার, স্কাউট, শিল্পকলা একাডেমি, অফিসার ক্লাব) পাকা ভবন মেরামত এবং উপজেলা পরিষদ গণমিলনায়তন মেরামত কাজের জন্য দুইটি প্রাক্কলন তৈরি করা হয়েছে: প্রাক্কলন দুইটি সভায় উপস্থাপন করেন। উপস্থাপিত প্রাক্কলন দৃষ্টে দেখায়ায় উপজেলা পরিষদের মালিকানাধীন প্রশাসনিক ভবন, গণমিলনায়তনের পার্শ্ববর্তী (গণ পাঠাগার, স্কাউট, শিল্পকলা একাডেমি, অফিসার ক্লাব) পাকা ভবন মেরামত কাজে- ২৫.০০ লক্ষ টাকা এবং উপজেলা পরিষদের মালিকানাধীন গণমিলনায়তনের মেরামত কাজে- ২৫.০০ লক্ষ টাকার প্রাক্কলন তৈরী করা হয়েছে। প্রাক্কলন দুইটি অনুমোদসহ মন্ত্রণালয়ে প্রেরনের জন্য সভায় অনুমোদন প্রয়োজন বলে যানান। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br><br>**সিদ্ধান্ত ঃ** উপজেলা পরিষদের মালিকানাধীন প্রশাসনিক ভবন, গণমিলনায়তনের পার্শ্ববর্তী (গণ পাঠাগার, স্কাউট, শিল্পকলা একাডেমি, অফিসার ক্লাব) পাকা ভবন মেরামত এবং উপজেলা পরিষদের মালিকানাধীন গণমিলনায়তনের মেরামত কাজের জন্য প্রস্তুতকৃত প্রাক্কলন দুইটি অনুমোদসহ মন্ত্রণালয়ে প্রেরণের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই/ মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার, দিরাই/ উপজেলা প্রকৌশলী, দিরাই |
| শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার, দিরাই সভায় সভায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করেন। তিনি বলেন তাঁর বিভাগের দৈনন্দিন কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে<br><br>**সিদ্ধান্ত ঃ** বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা শিক্ষা অফিসার'কে অনুরোধ জানানো হয়। | উপজেলা শিক্ষা অফিসার, দিরাই |
| সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, দিরাই তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করেন। তিনি বলেন উপজেলা সমাজসেবা অফিসের দৈনন্দিন কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br><br>**সিদ্ধান্ত ঃ** বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা সমাজসেবা কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, দিরাই সহ সংশ্লিষ্ট সকল |
| মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, দিরাই সভায় অনুপস্থিত থাকায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভায় আলোচনা করা গেল না। পরবর্তী সভায় বিস্তারিত প্রতিবেদন সহ উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়।<br><br>**সিদ্ধান্ত ঃ** বিভাগীয় কার্যক্রমের বিস্তারিত প্রতিবেদন সহ পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার'কে অনুরোধ জানানো হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, দিরাই |
| পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা দিরাই, সভায় অনুপস্থিত থাকায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভায় আলোচনা করা গেল না। পরবর্তী সভায় বিস্তারিত প্রতিবেদন সহ উপস্থিত থাকার জন্য অনুরোধ জাননো হয়।<br><br>**সিদ্ধান্ত ঃ** বিভাগীয় কার্যক্রমের বিস্তারিত প্রতিবেদন সহ পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, দিরাই |
| যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন অফিসার সভায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করেন। তিনি বলেন তাঁর বিভাগের দৈনন্দিন কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। আগমী ০১ নভেম্বর ২০২২ তারিখে জাতীয় যুব দিবস দেশব্যাপী উদযাপিত হতে যাচ্ছে। এরই ধারাবাহিকতায় অত্র উপজেলাতেও দিবসটি যথাযোগ্য মর্যাদায় উদযাপিত হবে। উক্ত জাতীয় দিবসে উপস্থিত সবলাকে উপস্থিত থাকার জন্য আমন্ত্রণ জানান। তিনি আরও জানান উক্ত কাজে সরকারি যে পরিমাণ বরাদ্দ পাওয়া যায় তা প্রয়োজনের তুলনায় অপ্রতুল। কাজেই উপজেলা পরিষদ হতে আর্থিক সহযোগীতা করার জন্য সভায় অনুরোধ জানান। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br><br>**সিদ্ধান্ত ঃ** বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা যুব উন্নয়ন অফিসার, দিরাই'কে অনুরোধ জানানো হয়। | উপজেলা যুব উন্নয়ন অফিসার, দিরাই |
| প্রকল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্পবাস্তবায়ন কর্মকর্তা, দিরাই সভায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করেন। তিনি বলেন তার অফিসের দৈনন্দিন কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br><br>**সিদ্ধান্ত ঃ** বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, দিরাই'কে অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার দিরাই/ উপজেলা নির্বাহী অফিসার, দিরাই |



Scanned With Scanner App Lite

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

| | | |
|---|---|---|
| সমবায় বিভাগ | উপজেলা সমবায় অফিসার দিরাই তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করেন। তিনি বলেন তাঁর বিভাগের দৈনন্দিন কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি বলেন প্রতি বৎসর নভেম্বর মাসের পহেলা শনিবার জাতীয় সমবায় দিবস উদযাপিত হয়ে থাকে। এরই ধারাবাহিকতায় এই বছর ৫ নভেম্বর ২০২২ জাতীয় সমবায় দিবস উদযাপিত হবে। উক্ত দিবসে উপস্থিত সকলকে আমন্ত্রণ জানানো হয়। তিনি আরও জানান বঙ্গমাতা ফজিলাতুন নেছা মুজিব মহিলা সমবায় সমিতি গঠনের জন্য নির্দেশনা পাওয়া গেছে। উক্ত নির্দেশনার আলোকে দিরাই উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান জনাব রিপা সিনহাকে সভাপতি করে বঙ্গমাতা ফজিলাতুন নেছা মুজিব মহিলা সমবায় সমিতি গঠন করা হয়েছে। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br><br>সিদ্ধান্ত : বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা সমবায় অফিসার, দিরাই'কে অনুরোধ জানানো হয়। | উপজেলা সমবায় অফিসার, দিরাই |
| মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক অফিসার দিরাই অনুপস্থিত থাকায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভায় কোন আলোচনা করা গেল না।<br><br>**সিদ্ধান্ত :** বিস্তারিত প্রতিবেদনসহ পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা মহিলা বিষয়ক অফিসার, দিরাই'কে অনুরোধ জানানো হয়। | উপজেলা মহিলা বিষয়ক অফিসার, দিরাই |
| জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), দিরাই অনুপস্থিত থাকায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভায় কোন আলোচনা করা গেল না।<br><br>**সিদ্ধান্ত :** বিস্তারিত প্রতিবেদনসহ পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), দিরাই'কে অনুরোধ জানানো হয়। | উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), দিরাই |
| বন বিভাগ | উপজেলা ফরেষ্টার/ডেপুটি রেঞ্জার, দিরাই অনুপস্থিত থাকায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভায় কোন আলোচনা করা গেল না।<br><br>**সিদ্ধান্ত :** বিস্তারিত প্রতিবেদন সহ পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা মহিলা বিষয়ক অফিসার, দিরাই'কে অনুরোধ জানানো হয়। | উপজেলা ফরেষ্টার/ডেপুটি রেঞ্জার, দিরাই |
| সহকারী কমিশনার (ভূমি) | সহকারী কমিশনার (ভূমি), দিরাই সভায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভায় আলোচনা করেন। তিনি বলেন তাঁর বিভাগের দৈনন্দিন কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br><br>সিদ্ধান্ত : বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সহকারী কমিশনার (ভূমি), দিরাই'কে অনুরোধ জানানো হয়। | সহকারী কমিশনার (ভূমি) |
| খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক দিরাই তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করেন। তিনি বলেন খাদ্য বিভাগের দৈনন্দিন কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। দিরাই পৌরসভায় খোলা বাজারে চাল বিক্রয়ের তথ্য: | উপজেলা খাদ্যনিয়ন্ত্রক, দিরাই |

| ক্র নং | ডিলারের নাম | বিক্রয় কেন্দ্রের অবস্থান | পণ্য | দৈনিক ডিলার প্রতি বরাদ্দের পরিমাণ (কেজি) | ক্রেতা প্রতি সর্বোচ্চ বরাদ্দ (কেজি) | দর (প্রতি কেজি) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ০১ | নিকুঞ্জ রায় | ইউ/পি রোড | চাল | ২০০০ | ৫কেজি | ৩০/- | আগামী ১৭/১০/২০২২ তারিখ থেকে দৈনিক বিক্রয় ১০০ কেজি পুনঃনির্ধারণ করা হয়েছে। |
| ০২ | প্রমল রায় | বাসষ্ট্যান্ড | চাল | ২০০০ | ৫কেজি | ৩০/- | |
| ০৩ | মো: রুহুল আমিন | হাইস্কুল রোড | চাল | ২০০০ | ৫কেজি | ৩০/- | |

খ) খাদ্যবান্ধব কর্মসূচির ভোক্তার তালিকা ডিজিটাল ডাটাবেজে ভোক্তার তথ্য যাচাইয়ের অগ্রগতি (০৭/০৯/২২)

| ক্রনং | ইউনিয়নের নাম | ভোক্তার সংখ্যা | এ পর্যন্ত যাচাইকৃত ভোক্তার সংখ্যা | অবশিষ্ট | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১. | রফিনগর | ৯৫৯ | ৪৬৯ | ৪৯০ | |
| ২. | ভাটিপাড়া | ৭৮৯ | ৫৩৩ | ২৫৬ | |
| ৩. | রাজানগর | ৯৭৩ | ৭৮৮ | ১৮৫ | |
| ৪. | চরনারচর | ১০৪৭ | ৭৪৭ | ৩০০ | |
| ৫. | দি:সরমঙ্গল | ৭৩৬ | ৫৪১ | ১৯৫ | |
| ৬. | করিমপুর | ৯৭৭ | ৫৬৩ | ৪১৪ | |
| ৭. | জগদল | ১১২৭ | ৯৩৩ | ১৯৪ | |
| ৮. | তাড়ল | ৮২৬ | ৬৪১ | ১৮৫ | |
| ৯. | কুলঞ্জ | ১১৩৭ | ৮৮৬ | ২৫১ | |
| | মোট | ৮৫৭১ | ৬১০১ | ২৪৭০ | |

বিষয়গুলো নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।



Scanned With Scanner App Lite

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

| | | |
|---|---|---|
| | **সিদ্ধান্ত ঃ** বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতঃ দ্রুত সময়ের মধ্যে খাদ্যবান্ধব কর্মসূচির ভোক্তার তালিকা ডিজিটাল ডাটাবেজে সম্পন্ন করনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, দিরাই'কে অনুরোধ জানানো হয়। | |
| বিএডিসি (সেচ) | সহকারী প্রকৌশলী, বিএডিসি (সেচ), দিরাই সভায় অনুপস্থিত থাকায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভায় আলোচনা করা গেল না। পরবর্তী সভায় বিস্তারিত প্রতিবেদন সহ উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়।<br><br>**সিদ্ধান্ত ঃ** বিভাগীয় কার্যক্রমের বিস্তারিত প্রতিবেদন সহ পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য সহকারী প্রকৌশলী বিএডিসি (সেচ), দিরাই'কে অনুরোধ জানানো হয়। | সহকারী প্রকৌশলী, বিএডিসি (সেচ) দিরাই |
| বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড | উপসহকারী প্রকৌশলী ও শাখা কর্মকর্তা, দিরাই অনুপস্থিত থাকায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভায় কোন আলোচনা করা গেল না। বিস্তারিত প্রতিবেদন সহ আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়।<br><br>**সিদ্ধান্ত ঃ** বিস্তারিত প্রতিবেদনসহ পরবর্তী সভায় আবশ্যিকভাবে উপস্থিত থাকার জন্য উপসহকারী প্রকৌশলী ও শাখা কর্মকর্তা, দিরাই'কে অনুরোধ জানানো হয়। | উপসহকারী প্রকৌশলী ও শাখা কর্মকর্তা, দিরাই |
| তথ্যসেবা, তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়) | তথ্যসেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়), তথ্যকেন্দ্র দিরাই সভায় তার তথ্যকেন্দ্রের বর্তমানে চলমান বিভিন্ন কর্মসূচির তথ্য উপস্থাপন করেন। | তথ্যসেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়), তথ্যকেন্দ্র দিরাই |

| ক্রং নং | কার্যক্রম | লক্ষমাত্রা (প্রতিমাসে) | অর্জিত লক্ষমাত্রা | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১ | তথ্যকেন্দ্র | ২০,০০০ জন | ২২,৮৯৯ জন | কার্যক্রম চলমান |
| ০২ | ডোর টু ডোর এবং উঠান বৈঠক | | | |

প্রাথমিক স্বাস্থ্য সেবার ধরণ ঃ

| ক্রং নং | স্বাস্থ্য সেবার প্রকারভেদ | মন্তব্য |
|---|---|---|
| ০১ | রক্তচাপ পরিমাপ | প্রত্যেকটি যন্ত্রের একটি করে সেট থাকায় অনেক সময় তথ্যকেন্দ্রের পাশাপাশি ডোর টু ডোর স্বাস্থ্য সেবা প্রদান করায় ব্যঘাত ঘটে। |
| ০২ | রক্তে গ্লুকোজের পরিমাপ | |
| ০৩ | রক্তে অক্সিজেনের পরিমাপ | |
| ০৪ | শরীরের তাপমাত্রা পরিমাপ | |
| ০৫ | উচ্চতা পরিমাপ | |
| ০৬ | ওজন পরিমাপ | |

অন্যান্য সেবা সমূহ ঃ

| | |
|---|---|
| ০১ | ইন্টারনেটের মাধ্যমে মহিলাদের সকল প্রকার সেবা প্রদান যেমন- ইন্টারনেট ব্রাউজিং, ই-মেইল, স্কাইপের মাধ্যমে ভিডিও কনফারেন্সিং, বিভিন্ন পরীক্ষার ফলাফল, চাকরির খবর, চাকরির আবেদন, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে আবেদন ইত্যাদি অনলাইন সেবাসমূহ। |
| ০২ | শিক্ষা, স্বাস্থ্য, আইন, ব্যবসা, জেন্ডার ও কৃষি বিষয়ক সেবা প্রদান। |
| ০৩ | গ্রামীণ সুবিধাবঞ্চিত মহিলাদের উপজেলার বিভিন্ন দপ্তর সমূহের বিভিন্ন কার্যক্রম সম্পর্কে অবহিত করা। |

**সিদ্ধান্ত ঃ** তথ্যকেন্দ্রের বর্তমানে চলমান বিভিন্ন কর্মসূচির কর্মপরিধি বৃদ্ধি করার জন্যঅনুরোধ করা হয়।

| | | |
|---|---|---|
| (৩) বিবিধ ঃ | (খ) ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই সভায় বলেন- তাড়ল ও চরনারচর বাজারের ফিশ শেড তৈরির জন্য উপজেলা নির্বাহী অফিসার, দিরাই'কে অনুরোধ জানান। রনভূমি গোদারাঘাটে নতুন বাজার তৈরির জন্য সভায় অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার সভার উদ্দেশ্যে বলেন বাজার সরকারিভাবে তৈরি করার সুযোগ নাই। তবে এলাকাবাসি নিজ উদ্যোগে বাজার সৃষ্টি করে আবেদন করার পরে পেরি-ফেরি করা যেতে পারে। বিষয়গুলো নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br><br>**সিদ্ধান্ত ঃ** সংশ্লিষ্ট বাজার উন্নয়ন তহবিল হতে তাড়ল ও চরনারচর বাজারের ফিশ শেড তৈরির জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই/ মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার, দিরাই/ উপজেলা প্রকৌশলী, দিরাই |
| | (গ) মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার, দিরাই সভায় শরিফপুর গ্রামবাসির পক্ষে জনাব তখলুছ মিয়া, ইউ/পি সদস্য ভাটিপাড়া, দিরাই এর আবেদন সভায় উপস্থাপন করেন। আবেদনদৃষ্টে দেখাযায় ভাটিপাড়া ইউনিয়নের শরীফপুর গ্রামের পূর্ব হাটির নদীর পাড় হইতে লম্বাঘাট হয়ে শরীফপুর নদীর পাড়ের মসজিদ পর্যন্ত নদী ভাঙ্গনের কারনে মাটির রাস্তা পূণ নির্মাণ সহ বাউন্ডারি ওয়াল তৈরির জন্য অনুরোধ জানিয়েছেন। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br><br>**সিদ্ধান্ত ঃ** শরিফপুর গ্রামবাসির পক্ষে জনাব তখলুছ মিয়া, ইউ/পি সদস্য ভাটিপাড়া, দিরাই এর আবেদনটি উপজেলা প্রকল্প বাছাই কমিটিতে প্রেরণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই/ মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার, দিরাই/ উপজেলা প্রকৌশলী, দিরাই |

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ মঞ্জুর আলম চৌধুরী)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, দিরাই
সুনামগঞ্জ।



Scanned With Scanner App Lite

Scanned With Scanner App Lite